আলমডাঙ্গার বন্ডবিলে গলায় ফাঁস দিয়ে নারীর আত্নহনন

পারিবারিক কলহের জের ধরে টুলু খাতুন (৫১) নামের এক নারী আত্মহত্যা করেছেন। আজ বুধবার বিকেল ৪ টায় নিজ ঘরের আড়ার সঙ্গে গলায় ফাঁস লাগিয়ে তিনি আত্মহত্যা করেন। নিহত টুলু খাতুন পৌর এলাকার গেটবন্ডবিল এলাকার মানোয়ার শেখের স্ত্রী। এ ব্যাপারে আলমডাঙ্গা থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

জানাগেছে, উপজলার বন্ডবিল এলাকার মনোয়ার শেখের স্ত্রী টুলু খাতুন দীর্ঘদিন মানসিক রোগে ভুগছিল। মানসিক ভারসাম্যহীন ওই নারী মাঝেমধ্যে আত্মহত্যার চেষ্টা করতেন। আজ বুধবার পারিবারিক কলহের জেরে তিনি নিজ ঘরে ওড়না পেঁচিয়ে আত্নহত্যা করেছে।

আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ বলেন, আত্নহত্যার ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

চুয়াডাঙ্গায় মাকে হত্যা দায়ে ছেলের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাকে হত্যার দায়ে ছেলের যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা হয়েছে। চুয়াডাঙ্গায় জবেদা খাতুন (৫০) নামের এক নারীকে হত্যার দায়ে তাঁর ছেলে মুকুল হোসেনকে (২৮) যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার দুপুরে চুয়াডাঙ্গার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক জিয়া হায়দার এ রায় ঘোষণা করেন।

মামলার একমত্রা আসামি ছেলে মুকুল হোসেনের উপস্থিতিতে রায় ঘোষণা করা হয়। চুয়াডাঙ্গার পাবলিক প্রসিকিউটর (পিপি) মো. বেলাল হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার রায় সূত্রে জানা যায়, ২০২১ সালের ১৩ নভেম্বর বিকেল সাড়ে ৪টার দিকে নিজেদের বাড়িতে জবেদা খাতুনকে ধারালো হাসুয়া দিয়ে

মাথায় আঘাত করে হত্যা করেন ছেলে মুকুল হোসেন।

জমিজমা নিয়ে বিরোধের কারণে এ হত্যাকাণ্ড সংঘঠিত হয় বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় নিহত জবেদা খাতুনের ভাই মো. আলাউদ্দিন ঘটনার দিন রাতে মুকুল হোসেনকে আসামি করে চুয়াডাঙ্গা সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

এ মামলায় তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা এসআই হাসানুজ্জামান ২০২১ সালের ৩১ ডিসেম্বর মামলার একমাত্র আসামি মুকুল হোসেনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় ১৮ জন সাক্ষীর সাক্ষ্য প্রমাণে ছেলে মুকুল হোসেনের বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেন।

আলমডাঙ্গায় শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ড, পুড়ল ৩টি দোকান

আলমডাঙ্গা উপজেলায় অগ্নিকাণ্ডে ৩টি দোকান পুড়ে গেছে। আজ মঙ্গলবার রাত ৪ টার দিকে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা আগুন নিয়ন্ত্রণে আনেন।

প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসী সূত্রে জানা যায়, উপজেলার কালিদাসপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের জামাল ব্রিজ এলাকায় ভুট্টো আলীর লেদের দোকান, শহিদুল ইসলামের মুদি দোকান ও ইউসুব ঘোষের হোটেলে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লাগে। এতে দোকানে থাকা পেট্রোল ও ডিজেলে আগুন লাগে। এছাড়া হোটেলে থাকা গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়। খবর পেয়ে আলমডাঙ্গা থেকে ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনে। তবে, ততক্ষণে অগ্নিকান্ডে তিনটি দোকান পুড়ে ভস্কিভুত হয়।

আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার

আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ফায়ার সার্ভিসের দুটি ইউনিট এবং আগুন নিয়ন্ত্রণে আনে।

চুয়াডাঙ্গার সাজাপ্রাপ্ত পলাতক আসামী কুষ্টিয়া থেকে গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ কর্তৃক ছদ্মবেশ ধারণ করে সাজাপ্রাপ্ত দীর্ঘদিন পলাতক পরোয়ানাভুক্ত ০১(এক) জন আসামী কে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার নবনিযুক্ত পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা দিকনির্দেশনায় ও চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমানের নেতৃত্বে এসআই(নিঃ) সঞ্জয় কুমার চক্রবর্তী ও এস আই (নিঃ) মোঃ রাকিবুজ্জামান সংগীয় ফোর্সসহ মঙ্গলবার কুষ্টিয়া থানার হাউজিং ও মোল্লা তেঘরি এলাকায় ছদ্মবেশ ধারণ করে অভিযান পরিচালনা করে(সাজাপ্রাপ্ত) এস সি- ৭৩২/২২ (সাজাপ্রাপ্ত), সেশন- ৯৬৫/২২ (সাজাপ্রাপ্ত), সেশন- ৯৬৬/২২০৪ (সাজাপ্রাপ্ত), সেশন- ২০০/২২ (সি আর-৭৬/২২, সি আর- ৯৫৯/২২ সংক্রান্ত ০২ বছরের সাজাপ্রাপ্ত, ০৪ টি সি আর সাজা ও ০২ সি আর সর্বমোট ০৬ টি ওয়ারেন্টের আসামী চুয়াডাঙ্গা সদর উপজেলার ছয়ঘরি গ্রামের ওহাব আলীর ছেলে আসামি বাবলু হোসেন কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা কোর্টে প্রেরণ করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।

চুয়াডাঙ্গায় সাংবাদিকদের সাথে

নবাগত পুলিশ সুপারের মতবিনিময়

চুয়াডাঙ্গা জেলার ইলেক্ট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার সকল সাংবাদিকের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে পুলিশ লাইন্স ড্রিল শেডে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা নবাগত পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা।

মতবিনিময় সভার শুরুতে জেলার সকল সাংবাদিকের সাথে কুশল বিনিময় করেন নবাগত এই পুলিশ কর্মকর্তা।

বক্তব্যের শুরুতে নবাগত পুলিশ সুপার বলেন, গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি বাংলাদেশের প্রাণপুরুষ, সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। স্মরণ করছি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও জাতির পিতার পরিবারের অন্যান্য সদস্যসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের নৃশংস হত্যাকান্ডের শিকার সকলকে। আমি আমাদের চার জাতীয় নেতাকে স্মরণ করছি। যাদের আমাদের জাতির জন্য অপরিসীম অবদান ছিল।

পুলিশ সুপার পদটি আমি জেলা পুলিশের প্রধান হিসেবে নয়, বরং আমি গ্রহণ করেছি রাষ্ট্রকর্তৃক প্রদত্ত সুমহান দায়িত্ব হিসেবে। চুয়াডাঙ্গার জনগনের জান-মালের নিরাপত্তা নিশ্চিত করণ এবং আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে জেলা পুলিশ সদস্যদের চেষ্টা চলমান সেই বিশাল কর্মক্ষেত্রের একজন সদস্য হতে পেরে আমি গর্ববোধ করছি এবং আমাকে এই সুযোগটি করে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রতি এবং স্বরাষ্ট্র মন্ত্রীর প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

তিনি আরোও বলেন, চুয়াডাঙ্গার পুলিশ সুপার হিসেবে আমার উপর অর্পিত দায়িত্ব মেধা-মনন, সততা এবং নিষ্ঠার সাথে পালন করতে আমি দৃঢ প্রতিজ্ঞ। এই জেলার সম্মানিত নাগরিকবৃন্দের নিরাপত্তা নিশ্চিত করা এবং অধিকতর সেবা প্রদান হবে আমার অন্যতম প্রধান লক্ষ্য। কুইক রেসপন্স এবং সেবা সহজীকরণের মাধ্যমে চুয়াডাঙ্গা জেলার ৫টি পুলিশ স্টেশন হবে আইনী সেবা প্রত্যাশীদের নির্ভরতার কেন্দ্রবিন্দু।

সাংবাদিক সমাজের দর্পন। রাষ্ট্রের ৪র্থ স্তম্ভ। জনবল ও লজিস্টিকস

আলমডাঙ্গাতে ট্রাক চাপায় ভ্যানচালকের মৃত্যু

আলমডাঙ্গার কালিদাসপুরে কাঠ বোঝাই ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মহসিন (৫০) নামের এক ভ্যানচালকের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার রাত সাড়ে ৮ টার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের কালিদাসপুর দক্ষিণপাড়ায় বাজার সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মহসিন কুষ্টিয়া জেলার মীরপুর থানাধীন চক-হারদি গ্রামের মৃত তাজ উদ্দীনের ছেলে। সে কালিদাসপুর দক্ষিণপাড়া এলাকার একটি ভাড়া বাড়িতে বসবাস করতেন।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সোমবার রাতে মহসিন ভ্যান নিয়ে বাড়ির দিকে যাচ্ছিল। সে বাড়ির নিকট ভ্যান রেখে চায়ের দোকানে যেতে রাস্তা পার হচ্ছিলেন। চুয়াডাঙ্গা থেকে কুষ্টিয়া গামী একটি কাঠবোঝাই ট্রাক ভ্যান চালককে চাপা দেয়। এতে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মহসিনের মৃত্যু হয়। এ সময় স্থানীয় লোকজন ট্রাকটিকে আটক করলেও চালক পালিয়ে যায়।

বিষয়টি নিশ্চিত করে আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ বলেন, ‘ খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশ উদ্ধার করা হয়েছে। দুর্ঘটনা কবলিত ট্রাকটি আটক করা হয়েছে। চালক ও হেলপার পালিয়ে।

দর্শনায় বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শনে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেছেন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

আজ সোমবার সকাল ১১ টার দিকে দর্শনা থানা পরিদর্শন করেন। এসময় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার শাহা চুয়াডাঙ্গা জেলা প্রশাসক চুয়াডাঙ্গা ড. কিসিঞ্জার চাকমাকে ফুলেল শুভেচ্ছা জানান। পরে পৌর এলাকার বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শন শেষে দর্শনা পৌরসভা পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দর্শনা পৌর মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু,দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার শাহা সহ বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ। আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ সুষ্ট এবং নিরপেক্ষ করার লক্ষে দর্শনা পৌর এলাকার পরানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,দক্ষিন চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ বেশ কয়েকটি ভোটকেন্দ্র পরিদর্শন করেন।

এ সময় তিনি উপস্থিত ভোটারদের সাথে কথা বলেন। তিনি প্রতিদ্বন্দি সকলের সার্বিক সহযোগিতা কামনা করে বলেন, নির্বাচনকে অবাধ সুষ্ট করতে প্রশাসনের পক্ষ থেকে সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে বলে তিনি জানান। তিনি আরো জানান কেউ কোন ধরণের বিশৃঙ্খলার চেষ্টা করলে বিন্দুমাত্র ছাড় দেওয়া হবে না।

দামুড়হুদায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে এ্যাডভোকেসি সভা

দামুড়হুদায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভা কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের আয়োজনে সভাটিতে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার।

নিরাপদ মাতৃত্ব পরিকল্পিত পরিবার, স্মার্ট বাংলাদেশ হোক আমাদের অঙ্গিকার স্লোগানে এ্যাডভোকেসি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট কনসালটেন্ট ডা. মো ফজলুল হক।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. ফারহানা ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক, উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান।

উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী হোসনে মোবারক শিলনের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন তেলোয়াত করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক জামশেদ আলী।

এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা সহকারী মনোয়ারা বেগম দর্শনা পৌর শাখার সহকারী মেডিকেল অফিসার ফরিদা পারভীন,পরিবার পরিকল্পনা পরিদর্শক শাহিন আক্তার, দর্শনা পরিবার কল্যাণ সহকারী খাদিজা খাতুন, পরিবার কল্যাণ পরিদর্শিকা সেলিনা খাতুন প্রমুখ।

আলমডাঙ্গায় দেড় কোটি টাকা নিয়ে পরিবারসহ উধাও ফার্মেসি ব্যবসায়ী

আলমডাঙ্গায় সুজা উদ্দীন নামের এক ব্যবসায়ীর বিরুদ্ধে দেড় কোটি টাকা নিয়ে পরিবারসহ উধাও হওয়ার অভিযোগ উঠেছে। সে বিভিন্ন এনজিও ও ব্যবসায়ী এবং ব্যক্তির কাছ থকে ব্যবসা সূত্রে তিনি এই টাকা ঋণ

পরিবার নিয়ে উধাও হয়ে গেছে।

এবিষয়ে আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) হাদিউজ্জামান বলেন, কয়েকজন ঔষধ কোম্পানির এমআর বাদি হয়ে অভিযুক্ত সুজা উদ্দীনের বিরুদ্ধে ২৫ লাখ টাকা লিখিত অভিযোগ দিয়েছেন। এবিষয়ে সত্যতা নিশ্চিতে খোঁজখবর চলছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, অর্থ আত্নসাৎ করে উধাও এক ব্যবসায়ীর বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। তদন্ত চলছে, পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গায় যুব মহিলা লীগের অবস্থান কর্মসূচি ও শো ডাউন

বিএনপি-জামায়াতের ডাকা অবরোধের নাশকত ঠেকাতে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীনের নেতৃত্ব অবস্থান কর্মসূচি পালন ও শো ডাউন করেছে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগ।

গতকাল রবিবার সকাল ৯ টা থেকে নেতা-কর্মীদের নিয়ে অবস্থান কর্মসূচি ও ভ্যানযোগে নেতাকর্মীদের নিয়ে চুয়াডাঙ্গায় বড় বাজার কোর্ট মোড় একাডেমি মোড় রেল স্টেশন এলাকায় সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গায় বিএনপি জামায়াতয়ের ডাকা অবরোধ কর্মসূচি বানচান করার জন্য এবং সাধারণ মানুষ ভয় না পেয়ে যাতে স্বাভাবিক জীবন যাপন করতে পারে এই জন্য উৎসাহিত করেন এবং জেলার বিভিন্ন স্থানে শো ডাউন করেন জেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দের।

অবস্থান নেওয়া চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভিন বলেন, বিএনপি-জামায়াত হরতাল, অবরোধ ও সমাবেশের নামে যাতে নাশকতামূলক কর্মকাণ্ডের মাধ্যমে জনগণের জানমালের ক্ষয়ক্ষতি সাধন, রাষ্ট্রীয় সম্পদ বিনষ্ট এবং ধ্বংসাত্মক অপতৎপরতা নামে নির্বাচন বানচাল করা সহ তারা দেশকে একটি অস্থিতিশীল অবস্থায় নিয়ে যেতে

চায়। আমরা তাদের এই সহিংসতার বিরুদ্ধে, জনগণের জানমাল রক্ষায় শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করছি। কোনো ধরনের সন্ত্রাস সৃষ্টি করতে না পারে সেজন্য জনগণকে সঙ্গে নিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের পাশাপাশি চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগ ও সর্বস্তরের নেতাকর্মী সমর্থকদের সর্বাত্মক সতর্ক অবস্থানে থেকে প্রতিরোধ গড়ে তোলার জন্য আহ্বান জানান তিনি। শো ডাউন শেষে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের কার্যালয়ের সামনে নেতাকর্মীদের নিয়ে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেন চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন, আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, পূর্ণিমা হালদার, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, মিমি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ , মাহফুজ, আকাশ, কুতুব, রিপন, শাওন, সিফাত, জিরান, সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।